

আরও খবর

এক নজরে

ধনতেরাসে বিশেষ ছাড়

স্টাফ রিপোর্টার : ধনতেরাস উপলক্ষে বিভিন্ন জুয়েলার্স ক্রেতাদের বিশেষ উপহার ও ছাড় দিচ্ছে। উত্তর কলকাতার নিউ গোবিন্দ জুয়েলারি বিশেষ উপহার দিচ্ছে। পাঁচ গ্রাম সোনার গহনা কিনলেই মিলছে উপহার। বিভিন্ন কেনাকাটার উপর পাওয়া যাচ্ছে সোনার লকেট, সোনার টপ, সোনার আংটি, সোনার ঝোলা দুলা। দে'জ গিনি হাউসও কুড়ি শতাংশ ছাড় দিচ্ছে মজুরিতে। হীরের গহনা ও গ্রহরত্নে পাঁচ শতাংশ ছাড়। প্রতিটি কেনাকাটায় রয়েছে উপহার।

গাড়ি কিনলে রূপো

স্টাফ রিপোর্টার : দীপাবলির আগে ক্রেতাদের জন্য বিশেষ উপহার নিয়ে এল হিন্দুস্থান মোটরস। হিন্দুস্থান মোটরসের তৈরি গাড়ি কিনলেই পাওয়া যাবে একটি রূপোর কয়েন। কোম্পানির তরফ থেকে অফারটির নাম দেওয়া হয়েছে 'দেওয়ালি সিলভার কয়েন স্কিম'। এই অফারটি শুরু হয়েছে অক্টোবরের ১৯ তারিখ থেকে। চলবে নভেম্বরের ১৯ তারিখ পর্যন্ত। হিন্দুস্থান মোটরসের ম্যানেজিং ডিরেক্টর মনোজ বা জানান, "আমাদের ক্রেতাদের জন্য দীপাবলির আগে আমরা এই ছোট উপহারের ব্যবস্থা করেছি"।